



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৩৬৪/ক/স্বী/৯৩(অংশ-১)/২১১

তারিখ: ২০/০৯/২০১৮

বিষয়: বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ১৬/০৭/২০১৮ তারিখের সভার সিদ্ধান্ত অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার সাভার উপজেলাধীন 'সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ' এর সহকারী শিক্ষক জনাব মোঃ জসিম উদ্দিন এর বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল-৯, ঢাকা কর্তৃক মামলা থেকে অব্যাহতি পাওয়ায় কলেজের গভর্নিংবডি'র সিদ্ধান্ত অনুমোদন করা গেল না।

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ (ইআইআইএন-১০৮৪৫৯)

সাভার, ঢাকা।

মেমো নং- ২১১(৫)

তারিখ: ২০/০৯/১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। কলেজ পরিদর্শক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পিএসটি চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। সভাপতি, সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা।
- ৪। জনাব মোঃ জসিম উদ্দিন, সহকারী শিক্ষক, সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা।
- ৫। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

০১। মোছাঃ লাইলী আক্তার, চতুর্থ শ্রেণির কর্মচারী, খালবলা বাজার বালিকা উচ্চ বিদ্যালয়, খালবলা বাজার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ-এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ : (১) দায়িত্ব পালনে গাফিলতি, (২) ম্যানেজিং কমিটির সভাপতি ও অন্যান্য সদস্যগণের প্রতি অসদাচরণ, (৩) প্রধান শিক্ষককে অশালীন ভাষায় গালিগালাজ ও প্রাণে মারার হুমকি প্রদান, (৪) সহকারি প্রধান শিক্ষক, অন্যান্য শিক্ষক ও কর্মচারীদের সাথে অসদাচরণ এবং প্রাণে মারার হুমকি প্রদান, (৫) প্রধান শিক্ষক ও সহকারি প্রধান শিক্ষককে উপেক্ষা করে নিজ ইচ্ছায় তার কর্মস্থলে উপস্থিত থাকা, (৬) ছাত্রীদের সন্মুখে অশ্লীল কথাবার্তা ও অঙ্গভঙ্গি প্রদান করে শিক্ষার পরিবেশ বিঘ্নিত করা ইত্যাদি কারণে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির গৃহীত সিদ্ধান্ত অনুমোদনের বিষয় বিবেচনা।

সিদ্ধান্ত : বাদী উপস্থিত। সভায় বিস্তারিত আলোচনা ও কাগজপত্রাদি পর্যালোচনার পর বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত অনুমোদন।

০২। জনাব সুরেশ চন্দ্র মালী, চতুর্থ শ্রেণির কর্মচারী (ঝাড়ুদার), গড়পাড়া বহুমুখী উচ্চ বিদ্যালয়, গড়পাড়া, সদর, মানিকগঞ্জ-এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ : কাজে চরম উদাসীনতা ও অমনোযোগী, অসৌজন্যমূলক আচরণ, বিদ্যালয়ের পশ্চিম পাশে কৃত্রিম সমাধিস্থল স্থাপন, নিজের একাধিক নাম ব্যবহার, নেশায় আসক্তি, স্বেচ্ছাচারিতা এবং স্বেচ্ছাধীন উপস্থিতি ইত্যাদি কারণে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির গৃহীত সিদ্ধান্ত অনুমোদনের বিষয় বিবেচনা।

সিদ্ধান্ত : বাদী উপস্থিত। সভায় বিস্তারিত আলোচনা ও কাগজপত্রাদি পর্যালোচনার পর বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত অনুমোদন।

০৩। জনাব মোঃ জসিম উদ্দিন, সহকারি শিক্ষক, সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সানোরা, ধামরাই, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ : অত্র প্রতিষ্ঠানের ১০ম শ্রেণির ছাত্রী সুমাইয়া আক্তার শেফা (১৪)-কে বিভিন্ন কুপ্রস্তাবসহ মোবাইল ফোনের মাধ্যমে প্রেমের প্রস্তাব দিয়ে কেনাকাটা করার জন্য ০৮/০৬/২০১৭ তারিখ বিকাল ৩.৩০ মিনিটে সাভার বাজার থেকে অপহরণ করে ইত্যাদি কারণে কলেজের গভর্নিংবডি'র গৃহীত সিদ্ধান্ত অনুমোদনের বিষয় বিবেচনা।

সিদ্ধান্ত : বাদী বিবাদী উপস্থিত। বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল- ৯, ঢাকা কর্তৃক মামলা থেকে অব্যাহতি পাওয়ায় কলেজের গভর্নিংবডি'র সিদ্ধান্ত অনুমোদন করা গেল না।

০৪। জনাব মাহফুজা হক, সহকারি শিক্ষক (কম্পিউটার), ইসলামপুর উচ্চ বিদ্যালয়, ইসলামপুর, জামালপুর-এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ : বিগত ০৪/১০/২০০৯ তারিখ থেকে অদ্যাবধি বিদ্যালয় কর্তৃপক্ষের বিনা অনুমতিতে একাধারে অনুপস্থিত থাকার কারণে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির গৃহীত সিদ্ধান্ত অনুমোদনের বিষয় বিবেচনা।

সিদ্ধান্ত : বাদী বিবাদী অনুপস্থিত। কার্যতালিকা থেকে বাদ দেওয়া হলো। নতুন করে আবেদন করলে পুনরায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে উপস্থাপন করা হবে।

০৫। জনাব মোঃ সেলিম ভূইয়া, অধ্যক্ষ, এ.কে. উচ্চমাধ্যমিক বিদ্যালয়, দনিয়া, কদমতলী, ঢাকা -এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ : (১) যাত্রাবাড়ী থানায় ফৌজদারী মামলা নং- ৫৮, ৫৯ ও ৬০ এর চার্জশীটভুক্ত আসামী, (২) প্রতিষ্ঠানের বিভিন্ন খাতের অর্থ আত্মসাৎ করেন, সিআর ১৫/২০১৭ ও সিআর ২৮২/২০১৭ মামলার আসামী এবং মামলাগুলো বিচারার্থী, (৩) অধ্যক্ষ পদে অবৈধ নিয়োগ ইত্যাদি কারণে কলেজের গভর্নিংবডি'র গৃহীত সিদ্ধান্ত অনুমোদনের বিষয় বিবেচনা।

সিদ্ধান্ত : বাদী বিবাদী উপস্থিত। মামলা চলমান থাকায় কার্যতালিকা থেকে বাদ দেয়া হলো।

০৬। জনাব মোঃ আনোয়ারুল কামাল, সহকারি প্রধান শিক্ষক, মোল্লারটেক উদয়ন উচ্চমাধ্যমিক বিদ্যালয়, আশকোনা, দক্ষিণখান, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ : বেআইনীভাবে ৫ (পাঁচ) জন নন-এমপিও ভুক্ত শিক্ষকদের নিকট থেকে অনৈতিকভাবে ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এমপিও ভুক্তির জন্য গ্রহণ করেন। সহকারি প্রধান শিক্ষক পদে নিয়োগ পাওয়ার জন্য ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা ঘুষ প্রদান (স্বঘোষিত)। অধ্যক্ষের অনুমতি ছাড়া নিজের সিএল নিজে লিপিবদ্ধ করা। বর্তমান গভর্নিংবডি'কে অবৈধ ও দুর্নীতিবাজ হিসাবে আখ্যায়িত করা। প্রতিষ্ঠানের শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপে সর্বদা লিপ্ত ইত্যাদি কারণে কলেজের গভর্নিংবডি'র গৃহীত সিদ্ধান্ত অনুমোদনের বিষয় বিবেচনা।

সিদ্ধান্ত : বাদী বিবাদী উপস্থিত। থানায় অভিযোগ দাখিল করা হয়েছে। থানা থেকে নিষ্পত্তি হওয়ার পরে পরবর্তীতে উপস্থাপন করা হবে।

